



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।

E-mail: abdulpurcollege@gmail.com

Website: www.abdulpurcollege.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-আসক-


তারিখঃ ১৮/০৩/২০২৪


কলেজ কোড-২৩০৯

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি সম্পর্কিত বিজ্ঞপ্তিঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তির ক্ষেত্রে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্তদের জন্য নিম্নোক্ত নির্দেশনা ও প্রয়োজনীয় কাগজপত্রসহ শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে স্ব স্ব বিভাগে ভর্তির জন্য বলা হলো।

ক্র: নং	বিষয়	তারিখ ও সময়
১	প্রথম মেধা তালিকায় ফল প্রকাশ	১৮/০৩/২০২৪(সোমবার, বিকাল ৪.০০টায়)
২	প্রথম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২২-২৩ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৭ মার্চ ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে, অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।	
৩	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ	১৮/০৩/২০২৪ হতে ০১/০৪/২০২৪ তারিখ পর্যন্ত
৪	কলেজে ভর্তির তারিখ	১৯/০৩/২০২৪(মঙ্গলবার) থেকে ০২/০৪/২০২৪(মঙ্গলবার)
৫	ভর্তি ফি	১। বাংলা, অর্থনীতি, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা = ৪,৯৮৮/- + অনলাইন ফি ১৫০/- = ৫,১৩৮/- (পাঁচ হাজার একশত আটত্রিশ) টাকা। ২। প্রাণিবিদ্যা = ৫,৬৩৮/- + অনলাইন ফি ১৫০/- = ৫,৭৮৮/- (পাঁচ হাজার সাতশত আটটিশ) টাকা।
৬	ভর্তি প্রক্রিয়া	প্রথমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে ভর্তি ফরম ডাউনলোড করার পর কলেজের ওয়েবসাইট www.abdulpurcollege.edu.bd -তে প্রবেশ করে প্রবেশ করে মেনুবার হতে PAYMENT বাটনে ক্লিক করার পর Admission & Form-Fill-Up বাটনে ক্লিক করে Online Application Form অপশন এ Admission Type -এ ক্লিক করে Under Graduate Admission প্রয়োজনীয় তথ্য(জাতীয় বিশ্ববিদ্যালয়ের Admission Roll, শিক্ষার্থীর ছবি, শিক্ষার্থীর জন্মনিবন্ধন নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের নম্বর, রক্তের গ্রুপ, ঠিকানা, বার্ষিক আয়, এইচএসসির তথ্য) এবং Captcha দিয়ে verify করে অনলাইন ফরমে তথ্য প্রদান EKpay Payment getaway এর মাধ্যমে প্রযোজ্য ফি প্রদান করে Submit করতে হবে। স্ব স্ব বিভাগে দুইটি ফরম জমা দিতে হবে।
৭	ভর্তির সময় কলেজে যে সকল কাগজপত্র জমা দিতে হবে	ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের (অনলাইনে)ভর্তি ফি পরিশোধের কপি। খ) ভর্তির সময় ভর্তিকৃত বিভাগে এইচএসসি এর মূল নম্বরপত্র জমা দিতে হবে।(মূল মার্কশিট জমাদানের পূর্বে পর্যাপ্ত সংখ্যক ফটোকপি করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে) গ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন,পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, এসএসসি ও এইচএসসি নম্বরপত্রের ফটোকপি একটি করে। ঘ) চার(০৪) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি খামে ভরে জমা দিতে হবে।
৮	ক্লাস শুরু	২১ এপ্রিল, ২০২৪ (রবিবার)


১৮/০৪/২০২৪
(প্রফেসর মোঃ সুলতান আলী প্রামানিক-৪৬২৬)
অধ্যক্ষ
আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।


১৮/০৪/২০২৪
আহবায়ক
২০২৩-২৪ স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি
আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।